
দৈনিক জনকণ্ঠ
তারিখ .. SEP. 0.3 2006 ... ...
পৃষ্ঠা ৭৫ কলাম ৬.....

৮

# এইচএসসির পর বাউবিতে পড়াশোনা



বাংলাদেশের শিক্ষা ক্ষেত্রে একটি নতুন ধারণা নিয়ে এসেছে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি)। 'দূরশিক্ষণ' পদ্ধতিতে দেশের প্রত্যন্ত অঞ্চলের প্রতিটি লোকের কাছে শিক্ষার আলো নিয়ে পৌঁছেছে এই বিশ্ববিদ্যালয়। 'দূরশিক্ষণ' কথাটির অর্থ দূরে বসে শেখা। যে যেখানে আছে তাকে সেখানেই লেখাপড়ার সুযোগ করে দেয়া। লেখাপড়ার জন্য তাকে নির্দিষ্ট কোন স্থানে গিয়ে নির্দিষ্ট কোন সময় পর্যন্ত অবস্থান করতে হয় না।

বাংলাদেশে ১৯৫৬ সালে রেডিওতে দূরশিক্ষণ পদ্ধতিতে পাঠদানের ব্যবস্থার মাধ্যমে উন্মুক্ত শিক্ষা পদ্ধতির সূচনা ঘটে। ১৯৮৫ সালে গঠিত বাংলাদেশ ইনস্টিটিউট অব ডিসট্যান্স এডুকেশন (বাইড) যা ব্যাপক জনপ্রিয়তা লাভ করে এবং এর সূত্র ধরে ১৯৯২ সালে আনুষ্ঠানিকভাবে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের জন্ম।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে বর্তমানে আনুষ্ঠানিক প্রোগ্রাম চালু আছে ২২টি। যারা বয়স্ক ও কর্মরত ব্যক্তি অষ্টম শ্রেণীর পর আর প্রাতিষ্ঠানিক শিক্ষা লাভের সুযোগ পাননি বা এসএসসি পাস করেছেন, এইচএসসি সময় সুযোগ আর পড়া হয়নি অথবা অনেকে কর্মজীবনে প্রবেশ করায় আর পড়াশোনা করে ওঠা হয়নি, তাদের জন্য সুযোগ রয়েছে বাউবিতে উচ্চশিক্ষা গ্রহণ করার।

এইচএসসি পাসের স্নাতক পর্যায়ে পড়াশোনা সম্পর্কে এখানে আলোচনা করা হলো :

**বিএ/বিএসএস প্রোগ্রাম :** এটি একটি স্নাতক ডিগ্রী প্রোগ্রাম যা ব্যাচেলর অব আর্টস ও ব্যাচেলর অব সোশ্যাল সায়েন্সে বিভক্ত। বাউবির একটি অন্যতম অনুষদ হলো স্কুল অব সোশ্যাল সায়েন্স, হিউম্যানিটিজ এ্যান্ড ল্যাঙ্গুয়েজ যা ২০০১ সালে নতুন চালু হয়। এই প্রোগ্রামে পড়তে হলে অবশ্যই এইচএসসি অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

**ভর্তি ফী :** একজন শিক্ষার্থীকে ভর্তি ফী ১০০ টাকা, রেজিস্ট্রেশন ফী ১০০ টাকা এবং প্রথম সেমিস্টারের প্রতি কোর্সের জন্য ৫০০ টাকা জমা দিতে হবে। এর পর প্রতি সেমিস্টারে শুধু সংশ্লিষ্ট কোর্স ফী প্রদান করতে হবে।

**প্রোগ্রামের মেয়াদ :** বিএ/বিএসএস প্রোগ্রামের মোট ২০টি কোর্স আছে। একজন শিক্ষার্থী প্রত্যেক সেমিস্টারে সর্বনিম্ন ৩টি এবং সর্বোচ্চ ৪টি কোর্স নিতে পারবেন। প্রোগ্রাম শেষ করতে সময় লাগবে সর্বনিম্ন ৩ বছর এবং সর্বোচ্চ ৫ বছর। বিএ প্রোগ্রামের শিক্ষার্থীদের মানবিক গ্রুপ থেকে দু'টি এবং সমাজবিজ্ঞান গ্রুপ থেকে একটি বিষয় নির্বাচন করতে হয়। তেমনি বিএসএস প্রোগ্রামের শিক্ষার্থীদের মানবিক গ্রুপ থেকে একটি এবং সমাজবিজ্ঞান গ্রুপ থেকে দু'টি বিষয় নির্বাচন করতে হয়।

ব্যাচেলর অব এগ্রিকালচারাল এডুকেশন (বিএজিএড) : এটিও একটি স্নাতক পর্যায়ের প্রোগ্রাম। মাধ্যমিক স্কুল ও মাদ্রাসা পর্যায়ে কৃষি শিক্ষা বিষয়ে শিক্ষাদানের জন্য দক্ষ স্নাতক বা গ্র্যাজুয়েট শিক্ষক তৈরি করাই এই প্রোগ্রামের লক্ষ্য। বিএড সম্পন্নকারীগণ এমএড কোর্সে ভর্তির সুযোগ পাবেন।

**ভর্তির যোগ্যতা :** এইচএসসি (বিজ্ঞান/কৃষি) অথবা তিন বছর মেয়াদী কৃষি ডিপ্লোমা বা সমমানের পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগে পাস করা যে কোন পেশা ও বয়সের ব্যক্তি এই প্রোগ্রামে ভর্তি হতে পারবেন।

**প্রোগ্রামর মেয়াদ :** প্রোগ্রামটি ৬ সেমিস্টারে বিভক্ত : প্রতি সেমিস্টারের সময়কাল ৬ মাস।

**বিএসসি ইন নার্সিং প্রোগ্রাম :** ডিপ্লোমা ডিগ্রীধারী নার্সদের উচ্চতর সুযোগ প্রদান ও দক্ষতা বৃদ্ধি করার লক্ষ্যে বাউবি'র স্কুল অব সায়েন্স এ্যান্ড টেকনোলজি এই প্রোগ্রামটি চালু করা হয়।

**ভর্তির যোগ্যতা :** ন্যূনতম এইচএসসি পাস হতে হবে এবং পাশাপাশি নার্সিং এ ডিপ্লোমা থাকতে হবে এবং প্রফেশনাল অভিজ্ঞতা থাকতে হবে।

**প্রোগ্রামের মেয়াদ :** ৬ সেমিস্টার সম্পন্ন এই প্রোগ্রামটি শেষ হতে সময় লাগবে ৩ বছর।

**কোর্স ফী :** ভর্তি ইচ্ছুক প্রার্থীকে জমা দিতে হবে আবেদন পত্র ফী ৫০ টাকা। কোর্স ফী (প্রতি ৭৫০ টাকা, রি-এ্যাডমিশন ফী (প্রতি) ১২০ টাকা, প্রোগ্রাম ট্রান্সক্রিপ্ট ফী ৭০ টাকা, মূল সনদপত্র ফী ২০০ টাকা, প্রত্যয়নপত্র ৩০০ টাকা এবং রেজিস্ট্রেশন ফী ৫০ টাকা।

**শিক্ষার্থীর যা করণীয় :**

❑ প্রতিটি বিষয়ের জন্য বিশ্ববিদ্যালয় থেকেই বই দেয়া হয়। বাউবির শিক্ষা পদ্ধতি অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের চেয়ে আলাদা। এখানে পাঠ্যবই শিক্ষকের ভূমিকা পালন করে। আপনার কাজ হলো নির্দিষ্ট ব্যাংকে রেজিস্ট্রেশন ফী জমাদানে রসিদ দেখিয়ে আপনার টিউটোরিয়াল কেন্দ্র থেকে পাঠ্যসামগ্রী সংগ্রহ করে ভালভাবে পড়ে ফেলা।

❑ যে বিষয়গুলো বুঝতে অসুবিধা হয়, সেগুলো চিহ্নিত করে রাখা। এবং নির্ধারিত টিউটোরিয়াল ক্লাসে টিউটরদের কাছ থেকে বুঝে নেয়া। পড়াশোনাটা আপনাকে নিজ দায়িত্বে করতে হবে এবং ক্লাসে আসার পূর্বে আপনার সমস্যাগুলো খুঁজে বের করে রাখলে লাভবান আপনিই হবেন।

❑ টিউটোরিয়াল ক্লাসে এসে টিউটরদের সঙ্গে পরিচিত হোন এবং অন্যান্য শিক্ষার্থীদের সঙ্গেও পরিচিত হোন সবাই মিলে গ্রুপ স্টাডি করলে পড়ালেখায় অনেকখানি সহায়তা পাবেন।

❑ দূরশিক্ষণ পদ্ধতিতে আপনি বেতার ও টিভি প্রোগ্রামের সুবিধা পাবেন। সে ক্ষেত্রে আপনার কাঙ্ক্ষিত প্রোগ্রামের সময়সূচী জেনে রাখুন।

পাঠ্যক্রম সম্পর্কে কোন সমস্যা হলে আঞ্চলিক কেন্দ্রে যোগাযোগ করে সমস্যা সম্পর্কে জানান।

যোগাযোগ : বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, বোর্ড বাজার, গাজীপুর।

হাসান মাহমুদ
hasan-dhakarg @ yahoo.com